সিলেটের ৭ পৌরসভায় ভোটগ্রহন আজ, ২৫ মেয়রসহ প্রার্থী ৩১৮

নিজস্ব প্রতিবেদক: সিলেট বিভাগের সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজারের ৭টি পৌরসভায় নির্বাচন আজ শনিবার। এসব নিবাচনে ২৫ মেয়র প্রার্থীসহ প্রতিদ্বন্ধিতা করছেন মোট ৩১৮ প্রার্থী। নির্বাচন নির্বিঘ্ন করতে সবধরণের প্রস্তুতি সম্পন্ন করেছে নির্বাচন কমিশন।
তবে নির্বাচনী প্রচার প্রচারণার শেষ সময়ে এসে কিছু অপ্রীতিকর ঘটনায় কয়েকটি পৌরসভায় আতঙ্ক দেখা দিয়েছে। ৭ পৌরসভার ৯১ ভোট কেন্দ্রের মধ্যে ৭০টিরও বেশি ভোট কেন্দ্র ঝুঁকিপূর্ণ হিসেবে চিহিৃত করা হয়েছে।
আজ বিভাগের সুনামগঞ্জ জেলার সুনামগঞ্জ, ছাতক ও জগন্নাথপুর, মৌলভীবাজার জেলার কমলগঞ্জ ও কুলাউড়া এবং হবিগঞ্জ জেলার মাধবপুর ও নবীগঞ্জ পৌরসভার নির্বাচন অনুষ্ঠিত হবে। সুনামগঞ্জে ৩ মেয়র, ১৩ মহিলা কাউন্সিলর ও ৪৯ সাধারণ কাউন্সিলর প্রতিদ্বন্ধিতা করছেন। ছাতকে ২ মেয়র, ১৪ মহিলা কাউন্সিলর ও ৩৩ সাধারণ কাউন্সিলর প্রার্থী। জগন্নাথপুরে ৫ মেয়র, ৯ মহিলা কাউন্সিলর ও ৩৯ সাধারণ কাউন্সিলর প্রার্থী। কমলগঞ্জে ৪ মেয়র, ১১ মহিলা কাউন্সিলর ও ৩১ সাধারণ কাউন্সিলর প্রার্থী। কুলাউড়ায় ৪ মেয়র, ১৬ মহিলা কাউন্সিলর ও ৩৩ সাধারণ কাউন্সিলর প্রার্থী। মাধবপুরে ৪ মেয়র, ৭ মহিলা কাউন্সিলর ও ৩৮ সাধারণ কাউন্সিলর পদে প্রতিদ্বন্ধিতা করছেন। এদিকে, যে কোনো অপ্রীতিকর ঘটনা এড়াতে ৪ স্তরের নিরাপত্তা বলয় গড়ে তোলার কথা জানিয়েছে আইনশৃঙ্খলা বাহিনী। এছাড়া ভোট হতে যাওয়া ৭টি পৌরসভায় বুধবার থেকে মাঠে নেমেছেন ৭ জন জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট। মোতায়েন করা হয়েছে ২১ প্লাটুন বিজিবি সদস্য। বিজিবি, র্যাব, পুলিশ, আনসারসহ আইনশৃঙ্খলা বাহিনীর প্রায় ৫ হাজার সদস্য মাঠে রয়েছেন।
আইনশৃঙ্খলা বাহিনী সূত্রে জানা গেছে, একটি ভোট কেন্দ্রে ৪ জন পুলিশ, ব্যাটালিয়ান আনসার, সাধারণ আনসারসহ মোট ১৩ জন দায়িত্ব পালন করবেন। ভোট কেন্দ্রের বাইরে নিরাপত্তায় নিয়োজিত থাকবেন পুলিশের একটি টিম। সাদা পোশাকে থাকবেন পুলিশ সদস্যরা। এছাড়াও, প্রতিটি পৌর এলাকায় ৮ জন করে থাকবে র্যাবের টহল টিম। একইভাবে ৮ জনের রিজার্ভ টিমও থাকবে। একটি পৌরসভায় র্যাবের ৩২ সদস্যের টহল টিম এবং ৩২ সদস্যের রিজার্ভ টিম থাকবে। প্রতি পৌরসভায় থাকবে ৩

প্লাটুন বিজিবি। জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে কাজ করবে বিজিবি।
উপ মহা-পুলিশ পরিদর্শক (ডিআইজি) সিলেটের রেঞ্জ কার্যালয়ের পুলিশ সুপার (গণমাধ্যম) মোঃ জেদান আল মুসা বলেন, নির্বাচন কমিশনের চাহিদা ও নির্দেশনা অনুযায়ী ফোর্স মোতায়েন করা হয়েছে। ভোটাররা যাতে নির্বিঘ্নে ভোট কেন্দ্রে আসতে পারেন ও ভোট দিতে পারেন-এজন্যে আইনশৃঙ্খলা বাহিনীর সদস্যরা মাঠে থাকবেন। নির্বাচন কমিশনের নির্দেশনা অনুযায়ী তারা কাজ করবেন।
৭ পৌরসভায় ১ হাজার ৫০ জন বিজিবি সদস্য, প্রায় ১ হাজার র্যাব সদস্য, প্রায় ১ হাজার ৫০০ পুলিশ সদস্য, আর্মড পুলিশ, ব্যাটালিয়ন আনসার, সাধারণ আনসারসহ আইনশৃঙ্খলা বাহিনীর প্রায় ৫ হাজার সদস্য মোতায়েন করা হয়েছে। ভোট কেন্দ্রের পাশাপাশি কেন্দ্রের আশপাশ এলাকায় ও থাকবে বিশেষ নজরদারি। থাকবে স্ট্রাইকিং ফোর্স। পৌরসভাগুলোর রিটার্নিং কর্মকর্তার কার্যালয় সূত্র জানা গেছে, ৭ পৌরসভার মোট ভোট কেন্দ্র ৯১টি। ভোট কক্ষ ৪৭৮টি। এরমধ্যে ৭০টিই ঝুঁকিপূর্ণ হিসেবে বিবেচনা করা হয়েছে।